

Telephone Conversation between PM and King of Hashemite Kingdom of Jordan

April 16, 2020

প্রধানমন্ত্রী এবং জর্ডনের হাশেমাইট রাজ্যের রাজার মধ্যে ফোনে বাক্যালাপ

এপ্রিল 16,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জর্ডনের হাশেমাইট রাজ্যের রাজা হিজ ম্যাজেস্টি রাজা আবদুল্লা II -এর সাথে ফোনে বাক্যালাপ করেছেন। আসন্ন পবিত্র রামদান মাসের জন্য হিজ ম্যাজেস্টি এবং জর্ডনের জনগণকে প্রধানমন্ত্রী তার অভিবাদন জানিয়েছেন।

কোভিড-19-র অতিমারির কারণে বিশ্ব যে প্রতিবন্ধকতার মুখোমুখি হয়েছে এবং এর প্রভাবকে সীমিত করার জন্য সংশ্লিষ্ট দেশগুলির গৃহীত পদক্ষেপের বিষয়গুলি নিয়ে দুই নেতা আলোচনা করেছেন। তথ্য ও সর্বোৎকৃষ্ট অনুশীলন এবং প্রয়োজনীয় সরবরাহের সুবিধা প্রদান বিনিময়ের দ্বারা দুই দেশ পরস্পরের সম্ভাব্য সর্বোচ্চ প্রচেষ্টাকে সাহায্য করার জন্য তারা সহমত হয়েছেন।

জর্ডনে উপস্থিত ভারতীয় নাগরিকদের সাহায্য প্রদানের জন্য প্রধানমন্ত্রী হিজ ম্যাজেস্টিকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

দুই নেতা এই বিষয়ে সহমত হয়েছেন যে, কোভিড-19 সম্পর্কিত বিষয় সমূহ এবং তৎসহ আঞ্চলিক ও বিশ্বের অন্যান্য বিষয়গুলি নিয়ে তাদের দল নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রাখবে।

নিউ দিল্লি

এপ্রিল 16,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

